

টুকরো খবর

২২/৭/১২

## আইসিটি মন্ত্রণালয়ের সচিবের সাথে বিসিএস-এর মতবিনিময়

সম্প্রতি আইসিটি মন্ত্রণালয়ের সচিব মো. নজরুল ইসলাম খানের সাথে বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)-এর এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বিসিএস কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় সচিব তথ্যপ্রযুক্তির উন্নয়নে সবাইকে মিলেমিশে কাজ করার আহ্বান জানান। বিসিএস সভাপতি মো. ফয়েজউল্লাহ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন বিসিএসের প্রাক্তন সভাপতি এসএম ইকবাল, সহ-সভাপতি মো. মঈনুল ইসলাম, মহাসচিব মো. শাহিদ-উল-মুনীর, কোষাধ্যক্ষ মো. জাবেদুর রহমান শাহীন, পরিচালকদ্বয় মোস্তাফা জব্বার ও এটি শফিক উদ্দিন আহমেদ, সফটওয়্যার অ্যান্ড আইটি এনাবলড সার্ভিসেস স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান মো. জাহিদুল হাসান, ইভেন্ট ম্যানেজমেন্ট স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান মো. কামরুল আহসান এবং



শিক্ষা, গবেষণা ও মানবসম্পদ উন্নয়ন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান একেএম শামসুল হুদা। সভার শুরুতে বিসিএস'র চলমান কার্যক্রম এবং ভবিষ্যত পরিকল্পনা সম্পর্কে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। সচিব মো. নজরুল ইসলাম খান তার বক্তব্যে তথ্যপ্রযুক্তির প্রসার, দক্ষ জনসম্পদ সৃষ্টি, অবকাঠামো উন্নয়ন, বৈদেশিক মুদ্রা অর্জন, দেশি এবং বিদেশী বিনিয়োগ বৃদ্ধি এবং জনগণের দোরগোড়ায় সেবা নিশ্চিত করার জন্য বিসিএসের কার্যক্রমের প্রশংসা করেন। আইসিটি মন্ত্রণালয়ের সচিব হিসেবে মো. নজরুল ইসলাম খান-এর যোগদানে বিসিএস আনন্দিত বলে জানান বিসিএস সভাপতি।